সিএসই বিভাগ

সামার-২০২৫ সেমিস্টারে চলমান শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন এবং সেমিস্টার ফি প্রদান

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, **সামার-২০২৫ সেমিস্টারে চলমান শিক্ষার্থীদের** রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন এবং সেমিস্টার ফি প্রদানের সময়সীমা নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে:

সিএসই বিভাগের চলমান ২য় থেকে সর্বশেষ সেমিস্টারের শিক্ষার্থীদের রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশনের সময়সীমা: ১৭ জুলাই, ২০২৫ হতে ২৪ জুলাই, ২০২৫ তারিখ পর্যন্ত সকল সেমিস্টারের শিক্ষার্থী Student Panel থেকে রিটেক ও ইমপ্রুভমেন্ট কোর্সের রেজিস্ট্রেশন করতে পারবে। (সর্বোচ্চ ১৮ ক্রেডিট)

* সামার ২০২৫ এ-**শুধু ক্রেডিট ট্রান্সফার স্টুডেন্টদের** ক্ষেত্রে Incomplete রেগুলার ক্রেডিট রেজিস্ট্রেশন এর জন্য অবশ্যই **২১-২৪ জুলাই,** ২০২৫ এর মধ্যেই রেজিস্ট্রেশন ফর্ম প্রোগ্রাম অফিস থেকে সংগ্রহ করে যথাযথভাবে পূরনের পর প্রোগ্রাম অফিসে সশরীরে এসে জমা দিবেন।

যে সকল শিক্ষার্থীর সেমিস্টার ড্রপ/সেমিস্টার ফি বকেয়া আছে তাদেরকে **২১-২৪ জুলাই,২০২৫** তারিখের মধ্যে প্রোগ্রাম অফিসে যোগাযোগ করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। **রেজিস্ট্রেশনের জন্য উল্লিখিত সময়সীমা অতিক্রান্ত হলে রেজিস্ট্রেশন করার কোন সুযোগ থাকবে না।**

- পে-স্লিপ সংগ্রহ ও সেমিস্টার ফি প্রদান: **২৮ জুলাই, ২০২৫ তারিখ থেকে স্টুডেন্ট প্যানেলে পে-স্লিপ পাওয়া যাবে** এবং ব্যাংক (এনসিসি/মার্কেন্টাইল/মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের যেকোন শাখায়) অথবা মোবাইল ব্যাংকিং (বিকাশ/রকেট) অথবা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে সেমিস্টার ফি প্রদান করা যাবে।
- **জরিমানা ব্যতীত ১ম কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ০৫ আগস্ট, ২০২৫**
- **জরিমানা ব্যতীত ২য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ০৫ অক্টোবর, ২০২৫**
- **জরিমানা ব্যতীত ৩য় কিস্তির টাকা পরিশোধের শেষ সময়: ০৩ ডিসেম্বর, ২০২৫**

বিলম্ব ফি (প্রতিদিন ৫০ টাকা): ০৫ আগস্ট, ২০২৫ তারিখের পরে ১ম কিস্তির টাকা; ০৫ অক্টোবর, ২০২৫ তারিখের পরে ২য় কিস্তির টাকা এবং ০৩ ডিসেম্বর, ২০২৫ তারিখের পরে ৩য় কিস্তির টাকা জমা দিলে বিলম্ব ফি হিসেবে প্রতি কর্মদিবসের জন্য ৫০ টাকা জরিমানা প্রযোজ্য হবে।

ক্লাস শুরু: ২০ জুলাই, ২০২৫ তারিখ (রবিবার)-১ম সেমিস্টার ব্যতিত

ফ্রি স্টুডেন্টশীপ (সামার-২০২৫) ২য় থেকে ৯ম সেমিস্টার

সামার-২০২৫ সেমিস্টারের ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য আগ্রহী শিক্ষার্থীরা ১৫ জুলাই, ২০২৫ থেকে ১৭ জুলাই, ২০২৫ তারিখ পর্যন্ত অনলাইনে ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য আবেদন করতে পারবে। শিক্ষার্থীদের Student Panel এ Waiver Application অপশনে প্রবেশ করে আবেদনপত্রের সকল তথ্য সঠিকভাবে পূরণ করে Submit করতে হবে। Submit করার পরে কোনো কিছু সংশোধন বা পুনরায় আবেদন করা যাবেনা। স্প্রিং-২০২৫ সেমিস্টারে ফ্রি স্টুডেন্টশীপ সুবিধা প্রাপ্ত শিক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। **শিক্ষার্থীর সেমিস্টার পরীক্ষার ফলাফল,আর্থিক অবস্থা মূল্যায়ন করে বা বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী এই সুবিধা বজায় থাকবে/থাকবে না। উল্লেখ্য, নতুনভাবে আবেদন করার জন্য এবং ফ্রি স্টুডেন্টশীপ প্রাপ্ত শিক্ষার্থীদের সুবিধা পুনর্বিবেচনার জন্য সর্বশেষ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় ন্যূনতম জিপিএ - ৩.২৫ জিপিএ থাকতে হবে।**

ফ্রি স্টুডেন্টশিপ নতুন আবেদনের সময় অবশ্যই প্রত্যেক আবেদনকারী ছাত্র-ছাত্রীকে অভিভাবকের (১) আয়ের সনদ বা প্রমাণপত্র বা প্রত্যয়ন পত্র (চাকুরীরত হলে চাকুরীরত প্রতিষ্ঠান থেকে অন্যথায় ভিন্ন পেশা হলে নিজ এলাকার জনপ্রতিনিধি বা ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তার কাছ থেকে) এবং (২) নিজ এলাকার জনপ্রতিনিধি বা ১ম শ্রেণীর সরকারি কর্মকর্তার কাছ থেকে সুপারিশ সহ প্রত্যয়ন পত্র অনলাইনে আবেদনের সময় নির্দিষ্ট জায়গায় আপলোড করতে হবে (পরিষ্কার ছবি/স্কান কপি) অন্যথায় আবেদনটি বিবেচনা করা হবে না।

আগামী ২৪ জুলাই, ২০২৫ তারিখ বিকাল ৪ টায় ফ্রি স্টুডেন্টশীপ এর জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হবে।